

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল  
টরন্টো, কানাডা

প্রেস বিজ্ঞপ্তি

২৬ মার্চ ২০২১, টরন্টো

টরন্টোর বাংলাদেশ কনস্যুলেট জেনারেল স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী এবং জাতীয় দিবস -২০২১ উদযাপন

টরন্টোর বাংলাদেশ কনস্যুলেট জেনারেল স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী এবং জাতীয় দিবস -২০২১ উদযাপন করেছে। কনসাল জেনারেল নাসিম উদ্দিন আহমেদ বাংলাদেশ হাউসে জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে উদযাপনের সূচনা করেন। পরে কনস্যুলেট প্রাঙ্গণে একটি বিস্তৃত আয়োজন অনুষ্ঠিত হয়।



অনুষ্ঠানের দ্বিতীয় অংশে বাংলাদেশ ও কানাডার জাতীয় সংগীত পরিবেশন, মুজিব বর্ষের থিম সংগীত প্রদর্শন, জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্রমন্ত্রী এবং মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর বাণী পাঠ, মাননীয় প্রধানমন্ত্রীর ভিডিও বার্তা প্রদর্শন, কেক কাটা, বাংলাদেশের উন্নয়ন সংক্রান্ত প্রামাণ্য চিত্র প্রদর্শন এবং সাংস্কৃতিক পরিবেশনার মাধ্যমে দিবসটি উদযাপন করা হয়।



কনসাল জেনারেল নাস্টম উদ্দিন আহমেদ তার বক্তব্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের অদম্য উন্নয়নের চিত্র তুলে ধরেন। তিনি বঙ্গবন্ধুর নেতৃত্ব আর অদম্য সাহসের ইতিহাস থেকে শক্তি সঞ্চয় করে সকলকে ২০৪১ সালের মধ্যে উন্নত সোনার বাংলা গড়ে তোলার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করার আহ্বান জানান।





জাতির পিতা ও তাঁর পরিবারের পরলোকগত সদস্য, বীর মুক্তিযোদ্ধাদের আত্মার মাগফেরাত এবং বাংলাদেশের ধারাবাহিক উন্নয়ন, শান্তি ও অগ্রগতি কামনা করে প্রার্থনার মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।



\*\*\*\*